



দৈনিক আজাদী

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



মঙ্গলবার

১৮ এপ্রিল ২০২৩

www.edainikazadi.net বেঙ্গি, নং-৮-৫৪ ৬৩তম বর্ষ ২২০ সংখ্যা ৫ বৈশাখ ১৪৩০ সাল ২৬ রমজান ১৪৪৪ হিজরি

৮ পৃষ্ঠা

৭ টাকা

প্রিমিয়ার ভার্শিটিতে অনুষ্ঠানে
উপাচার্য ড. অনুপম সেন

নতুন সত্য প্রতিষ্ঠিত হয় যুক্তির মাধ্যমে

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি-পিইউডিএস তাদের যুগপূর্তি উপলক্ষে নিয়মিত ম্যাগাজিন 'পৌনঃপুনিক' প্রকাশ করেছে। গত ১৬ এপ্রিল নগরীর জিইসি মোড়স্থ মিলনায়তনে পিইউডিএস-এর উদ্যোগে মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী ও উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। প্রধান অতিথি তাঁর বক্তব্যে 'জ্ঞানকে এগিয়ে নেওয়া হয় যুক্তির মাধ্যমে' উল্লেখ করে প্লেটোর রচিত গ্রন্থাবলী থেকে তর্ক সম্পর্কে গুরুত্বপূর্ণ অনেক তথ্য তুলে ধরেন, সক্রটিস সম্পর্কেও অনেক তথ্য দেন।

বিশেষ অতিথি বোরহানুল হাসান চৌধুরী বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি



প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির অনুষ্ঠানে 'পৌনঃপুনিক' ম্যাগাজিনের মোড়ক উন্মোচন অনুষ্ঠান

ডিবেটিং সোসাইটি তাদের নিয়মিত প্রকাশনা 'পৌনঃপুনিক' প্রকাশ করায় আমি তাদের সাধুবাদ জানাই। জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজীব চৌধুরী।

পরে সাকিব হোসাইনকে সভাপতি, আমির আব্দুল্লাহকে সহ-সভাপতি ও তন্ময় বড়ুয়াকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ২৫ সদস্যের ১১তম কার্যনির্বাহী কমিটি ঘোষণা করেন পিইউডিএস-এর মডারেটর ও প্রধান নির্বাচন কমিশনার সঞ্জয় বিশ্বাস। সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় এতে উপস্থিত ছিলেন সঞ্জয় বিশ্বাস, হিলোল সাহা, মিনহাজ হোসাইন, নিলুফার সুলতানা, ফারিয়া হোসেন বর্ষা, দুহিতা চৌধুরী, ফজলে রাব্বি, মো. জুনায়েদ, সাকিব হোসাইন, তন্ময় বড়ুয়া প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 18 April 2023, Page: 3, Col: 6

<https://edainikazadi.net/index.php?page=1&date=2023-04-18>



প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির নিয়মিত প্রকাশনা 'পৌনঃপুনিক' ম্যাগাজিনের মোড়ক উন্মোচন

নতুন সত্য প্রতিষ্ঠিত হয় যুক্তির মাধ্যমে : অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি-পিইউডিএস তাদের যুগপূর্তি উপলক্ষে নিয়মিত ম্যাগাজিন 'পৌনঃপুনিক' প্রকাশ করেছে। ১৬ এপ্রিল বিকেল ৩টায় নগরীর জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি মিলনায়তনে পিইউডিএস এর উদ্যোগে 'পৌনঃপুনিক' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বোরহানুল হাসান চৌধুরী ও উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন 'জ্ঞানকে এগিয়ে নেওয়া হয় যুক্তির মাধ্যমে' উল্লেখ করে বলেন, মানবতাবাদী রাজনৈতিক নেতা চট্টলবীর আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী জ্ঞানচর্চাকে গুরুত্ব দিতেন। তিনি চাইতেন, ছেলে-মেয়েরা জ্ঞান অর্জন করুক ও সর্বক্ষেত্রে পারদর্শী হোক। এ কারণে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেন। ড. সেন উল্লেখ করেন, নতুন সত্য প্রতিষ্ঠিত হয় যুক্তির মাধ্যমে। সুতরাং তোমরা যারা জগতের বিভিন্ন সত্যের অনুসন্ধানে ব্রতী রয়েছো, তোমাদের এই সত্যানুসন্ধান যুক্তির পথ অবলম্বন করে আমাদের সমাজকে আলোকদীপ্ত করুক, মানবিক করুক, এই কামনা করি।

বিশেষ অতিথি প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি তাদের নিয়মিত প্রকাশনা 'পৌনঃপুনিক' প্রকাশ করায় আমি তাদের সাধুবাদ জানাচ্ছি। পিইউডিএস-এর চীফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাদ্দিক, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজীব চৌধুরী।

পরে সাকিব হোসাইনকে সভাপতি, আমির আব্দুল্লাহকে সহ-সভাপতি ও তন্ময় বড়ুয়াকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ২৫ সদস্যের ১১তম কার্যনির্বাহী কমিটি ঘোষণা করেন পিইউডিএস-এর মডারেটর ও প্রধান নির্বাচন কমিশনার সঞ্জয় বিশ্বাস। পিইউডিএস-এর মডারেটর সাইফুদ্দিন মুন্নার সম্মেলনায় আরও উপস্থিত ছিলেন মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিলোল সাহা, মিনহাজ হোসাইন, নিলুফার সুলতানা, ফারিয়া হোসেন বর্ষা, দুহিতা চৌধুরী, সাবেক সভাপতি ফজলে রাব্বি, সহ-সভাপতি মো. জুনায়েদ, পিইউডিএস-এর ১১তম কার্যনির্বাহী কমিটির সভাপতি সাকিব হোসাইন, সাধারণ সম্পাদক তন্ময় বড়ুয়াসহ পিইউডিএস সদস্যবৃন্দ। বিজ্ঞপ্তি